# স্বাধীনতার সুখ

20.05.2020

## -রজনীকান্ত সেন

৪। একটি বাক্যে উত্তর দাও :

ক। অট্টালিকা কাকে বলে?

উ:-ইট দিয়ে তৈরি বিশাল বড় বাড়িকে অট্টালিকা বলে।

খ। বাবুই কিসে কষ্ট পায়?

উ:- বাবুই রোদ, বৃষ্টি ঝড়ে কষ্ট পায় ।

গ। বাবুই পাখির বাসাকে চড়াই পাখির খারাপ মনে হল কেন?

উ:- কারণ বাবুই পাখি কুঁড়েঘরে থেকেও শিল্পের বড়াই করে তাই তার বাসাকে চড়াই পাখির খারাপ মনে হল।

ঘ। চড়াই-এর গর্বের কারণ কী ?

উ:- চড়াই গর্ব করে কারণ সে মহাসুখে অট্টালিকায় থাকে।

ঙ। বাবুই ছোট্ট বাসায় থেকেও দুঃখ না করে আনন্দ প্রকাশ করল কেন?

উ:- কারন সে বাসা ছোট্ট হলেও তা তার নিজের হাতে গড়া তাই বাবুই পাখি দুঃখ প্রকাশ না করে আনন্দ প্রকাশ করল।

চ। বাবুইকে ডেকে চড়াই কী বলেছিল?

উ:-বাবুইকে ডেকে চড়াই বলেছিল ,'তুমি কুঁড়ে ঘরে থাকো ; রোদ, বৃষ্টি ঝড়ে কষ্ট পাও, তবুও শিল্পের বড়াই কর?'

ছ। বাবুই হেসে চড়াইকে কী বলল?

উ:- বাবুই হেসে বলেছিল, " আমি কষ্ট পেলেও যে বাসায় থাকি তা আমার নিজের হাতে গড়া আর পাকা হলেও তোমার ওই বাসা অপরের। "

Scanned with CamScanner